*কৃষিই সমৃদ্ধি*

# বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি)

কৃষি ভবন

৪৯-৫১ দিলকুশা বাণিজ্যিক এলাকা ঢাকা-১০০০।

(সংস্থাপন বিভাগ)

www.badc.gov.bd

## জাতীয় শুদ্ধাচার কৌশল সম্পর্কিত অংশীজনের অংশগ্রহণে নৈতিকতা কমিটি ও সচেতনতা বৃদ্ধিমূলক সভার কার্যবিবরণী:

| | | | |
|---|---|---|---|
| ১.০ | সভার সভাপতি | : | মোঃ নাসিরুজ্জামান<br>চেয়ারম্যান, বিএডিসি। |
| ২.০ | সভার তারিখ ও সময় | : | ১৫ জানুয়ারি, ২০১৮; বেলা ১১.৩০ ঘটিকা। |
| ৩.০ | স্থান | : | সম্মেলন কক্ষ, বিএডিসি, কৃষি ভবন। |
| ৪.০ | উপস্থিতির তালিকা | : | সংযুক্ত (পরিশিষ্ট-ক)। |
| ৫.০ | আলোচনা ও সিদ্ধান্ত | : | |

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। অত:পর যুগ্মসচিব (সংস্থাপন) বিএডিসি'র ২০১৭-১৮ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার ২য় প্রান্তিকের (অক্টোবর-ডিসেম্বর/২০১৭) বাস্তবায়ন অগ্রগতি সভায় উপস্থাপন করেন। তিনি সভাকে অবহিত করেন যে, ২য় প্রান্তিকের কর্মপরিকল্পনার লক্ষ্যমাত্রা অনুযায়ী সকল কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়িত হয়েছে। বিস্তারিত আলোচনার পর সভায় নিম্নেবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্রঃনং | আলোচ্য বিষয় ও আলোচনা | গৃহিত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১. | ১২ অক্টোবর ২০১৭ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ।<br><br>১২ অক্টোবর ২০১৭ তারিখে ১৯৬৪ সংখ্যক নম্বরে জারিকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল সম্পর্কিত সভার কার্যবিবরণী সংশ্লিষ্ট সকল বিভাগ/দপ্তরে প্রেরণ করা হয়েছে এবং বিএডিসি'র ওয়েব সাইটেও প্রকাশ হয়েছে। কার্যবিবরণীর ওপর কোন সংশোধনী প্রস্তাব পাওয়া যায়নি। | ১২ অক্টোবর ২০১৭ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হলো। | |
| ২. | বিএডিসি'র ২০১৭-১৮ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার ২য় প্রান্তিকের অগ্রগতি প্রতিবেদন অনুমোদন। | কৃষি মন্ত্রণালয়ে প্রেরণের লক্ষ্যে বিএডিসি'র ২০১৭-১৮ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার ২য় প্রান্তিকের অগ্রগতি প্রতিবেদন অনুমোদন করা হলো। | |
| ৩. | ১। নৈতিকতা কমিটি ও সুফলভোগীদের সভা, অংশীজনের (Stakeholder) অংশগ্রহণে সভা এবং সচেতনতা বৃদ্ধিমূলক সভা-এর বিষয়ে আলোচনা হয়।<br>২। নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্তের আলোকে লক্ষ্যমাত্রা অনুযায়ী যথাসময়ে তা বাস্তবায়নের বিষয়ে সভায় আলোচনা হয়। | ১। বিএডিসি'র সকল উইং এর আওতাধীন মাঠপর্যায়ের সকল দপ্তরের Stakeholder'দের তালিকা প্রনয়ণ করতে হবে;<br>২। Stakeholder'দের নিয়ে সভা আয়োজন করে রেজুলেশন সচিব, বিএডিসি বরাবর প্রেরণ করতে হবে; এবং<br>৩। সভায় গৃহিত সিদ্ধান্ত বাস্তবায়ন করার বিষয়ে সংশ্লিষ্ট সকল বিভাগ/দপ্তরকে সদা সচেষ্ট থাকতে হবে। | সংশ্লিষ্ট সকল বিভাগ/ অফিস প্রধান/ প্রকল্প পরিচালক/ কর্মসূচি পরিচালক (জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০১৭-১৮ অনুযায়ী স্ব স্ব কার্যক্রম গ্রহণ করবেন) |
| ৪. | বিএডিসি'র সদর দপ্তরসহ মাঠ পর্যায়ে ভূমিকম্প/অগ্নি নির্বাপনে সচেতনতা বৃদ্ধি এ সংক্রান্ত পোস্টার/স্টিকার ইত্যাদি সতর্কতা/সচেতনতামূলক বাণীসমূহ বাংলায় লেখার সুপারিশ/প্রস্তাব এবং অগ্নি নির্বাপন সংক্রান্ত প্রশিক্ষণের বিষয়ে আলোচনা হয়। | নিয়োগ ও কল্যাণ বিভাগ এবং সাধারণ পরিচর্যা বিভাগের যৌথ উদ্যোগে ৪০ জন কর্মকর্তা ও কর্মচারীকে অগ্নি নির্বাপন সংক্রান্ত প্রশিক্ষণ প্রদান করতে হবে। | নিয়োগ ও কল্যান বিভাগ ও সাধারণ পরিচর্যা বিভাগ |
| ৫. | বিএডিসি কর্মচারী প্রবিধানমালা এবং বিএডিসি'র টিওএন্ডই হালনাগাদকরণ করে কৃষি মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। বিএডিসি'র অর্ডিন্যান্স সংশোধনপূর্বক 'বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন আইন, ২০১৭'-এর ভেটিং কার্যক্রম আইন মন্ত্রণালয়ে চলমান রয়েছে মর্মে সভায় জানানো হয়। এছাড়া, সংস্থার প্রথম শ্রেণির কর্মকর্তাদের কর্মবণ্টনের খসড়া সংশ্লিষ্ট কমিটি কর্তৃক দাখিল করা হয়েছে এবং তা চূড়ান্তকরণের কাজ চলমান রয়েছে মর্মে সভায় আলোচনা হয়। | ১। বিএডিসি কর্মচারী প্রবিধানমালা এবং বিএডিসি'র টিওএন্ডই হালনাগাদকরণের বিষয়ে কৃষি মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে।<br>২। বিএডিসি'র অর্ডিন্যান্স সংশোধনের বিষয়ে আইন মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে।<br>৩। সংস্থার প্রথম শ্রেণির কর্মকর্তাদের কর্মবণ্টন চূড়ান্তকরণের কাজ দ্রুত সম্পন্ন করতে হবে। | সংগঠন ও ব্যবস্থাপনা বিভাগ |
| ৬. | বিগত ৩০/১২/২০১৭ তারিখে কৃষি মন্ত্রণালয়ে অনুষ্ঠিত শুদ্ধাচার সংক্রান্ত নৈতিকতা কমিটির সভায় কৃষি | বিএডিসি পদক চালুর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | নিয়োগ ও কল্যান বিভাগ |

| ক্রঃনং | আলোচ্য বিষয় ও আলোচনা | গৃহিত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | প্রতিষ্ঠার ক্ষেত্রে অন্তরায়সমূহ নিয়ে আলোচনা করা হয়। বিএডিসির বিভিন্ন অন্তরায় দূরীকরণার্থে এবং ভাল কাজের স্বীকৃতি স্বরূপ বিএডিসি পদক চালুকরণের বিষয়ে প্রস্তাব/সুপারিশ পাওয়া যায়। | | |
| ৭. | বিএডিসির নিজস্ব অর্থায়নে পর্যায়ক্রমে কৃষি ভবন ও মাঠ পর্যায়ে অনলাইন রেসপন্স সিস্টেম চালু করার বিষয়ে সভায় আলোচনা হয়। | অনলাইন রেসপন্স সিস্টেমের ব্যবহার ৫০%-এ উন্নীত করার বিষয়ে সকল বিভাগকে কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সংশ্লিষ্ট সকল বিভাগ |
| ৮. | ১। সার মনিটরিং এর তথ্য অনলাইনে প্রদানের বিষয়ে দ্রুত কার্যক্রম গ্রহণ করার বিষয়ে আলোচনা করা হয়।<br>২। বিএডিসি কর্তৃক কর্মকর্তা/কর্মচারীগণকে কর্পোরেট সিম চালু রাখার নির্দেশনা প্রদানের বিষয়ে আলোচনা হয়। | ১। সার মনিটরিংয়ের তথ্য অনলাইনে প্রদানের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>২। বিএডিসি কর্তৃক কর্মকর্তা/কর্মচারীগণকে কর্পোরেট সিম চালু রাখার নির্দেশনা সম্বলিত পুনঃ তাগিদপত্র প্রদান করতে হবে। | ১। সার ব্যবস্থাপনা বিভাগ/আইসিটি সেল<br>২। সাধারণ পরিচর্যা বিভাগ |
| ৯. | ১। ৪র্থ কোয়ার্টার (এপ্রিল, ১৮-জুন, ১৮) এর মধ্যে অনলাইন কনফারেন্স আয়োজন করার সিদ্ধান্তের আলোকে কৃষি মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ করে কনফারেন্স আয়োজন করার বিষয়ে আলোচনা হয়।<br>২। বিএডিসিতে চালুকৃত ই-ফাইলিং পদ্ধতিতে ৩০% কার্যক্রম নিষ্পত্তির বিষয়ে আলোচনা হয়। | ১। কৃষি মন্ত্রণালয়-এর সাথে সিডিউল করে কনফারেন্স আয়োজন করতে হবে।<br>২। পর্যায়ক্রমে প্রশিক্ষণ প্রদান করে ই-ফাইলিং বাস্তাবয়ন কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | আইসিটি সেল |
| ১০. | অডিট আপত্তি নিষ্পত্তিকরণ বিষয়ে অডিট বিভাগ হতে জানানো হয় যে, জুলাই/১৭ মাসে অনিষ্পন্ন আপত্তির সংখ্যা ৯৩০১। গত ত্রৈমাসিকে (জুলাই-সেপ্টেম্বর) ১৯৩টি অডিট আপত্তি নিষ্পত্তি হয়েছে যা শতকরা ২ (দুই) ভাগ। কর্মপরিকল্পনা অনুযায়ী অডিট আপত্তিসমূহ নিষ্পত্তির বিষয়ে সভায় আলোচনা করা হয়। | বিএডিসি'র অডিট সংক্রান্ত আপত্তিসমূহের মধ্যে প্রতি কোয়ার্টারে মোট অডিট আপত্তির শতকরা ১০% নিষ্পত্তি করতে হবে। | অডিট বিভাগ |
| ১১. | শুদ্ধাচার সংক্রান্ত বিভিন্ন কার্যক্রম বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট খাতে ২০.০০ লক্ষ টাকা বরাদ্দ প্রদানের বিষয়ে সিদ্ধান্ত রয়েছে। সে আলোকে অর্থ বিভাগ সভাকে জানান যে, উক্ত বিষয়ে কৃষি মন্ত্রণালয়ে পত্র প্রেরণসহ যোগাযোগ অব্যাহত রয়েছে। | কৃষি মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | অর্থ বিভাগ |

০৬. পরিশেষে, জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ কাঠামো অনুযায়ী ৩য় প্রান্তিক (জানুয়ারি-মার্চ/২০১৮) অনুযায়ী গৃহিত সিদ্ধান্ত বাস্তবায়ন করার বিষয়ে সংশ্লিষ্ট সকল বিভাগ/দপ্তর ও কমিটিকে সদা সচেষ্ট থাকার নির্দেশনা প্রদান করে উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৮/০১/১৮
(মোঃ নাসিরুজ্জামান)
চেয়ারম্যান, বিএডিসি, ঢাকা।
ফোন নম্বর: ৯৫৬৪৩২৮
email: chairman@badc.gov.bd

নম্বর- ১২.০৬.০০০০.২০৩.০৫.৪১৯.১৭. ৬০৮৭

তারিখ: ১৫ মাঘ ১৪২৪। ২৯ জানুয়ারি ২০১৮।

অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১ সহকারী প্রোগ্রামার/ প্রোগ্রামার (আইসিটি সেল) ............ বিএডিসি, ঢাকা।
(সকল বিভাগীয়/ প্রকল্প প্রধান/ কমিটি)

২ প্রধান (মনিটরিং), বিএডিসি, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।

৩ চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বিএডিসি, ঢাকা।

৪ সদস্য পরিচালক (অর্থ/ক্ষুদ্রসেচ/সার ব্যবস্থাপনা/বীজ ও উদ্যান)/সচিব মহোদয়ের সহকারী ব্যক্তিগত কর্মকর্তা, বিএডিসি, ঢাকা।

৫ অফিস কপি/মাস্টার ফাইল।

২৮/০১/২০১৮
(স্বপন কুমার দাস)
যুগ্মসচিব (সংস্থাপন)
বিএডিসি, ঢাকা।
ফোন নম্বর: ৯৫৫২০৬৭
email: establishment@badc.gov.bd